



“আমরা স্বাবলম্বী হব
সকলে কর দেব”
-মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-রাজশাহী
www.taxeszonerajshahi.gov.bd

“আমরা বদলে যাব
আমরা বদলে দেব”

নতুন করদাতাদের ৩০ শে জুন’২০২৩ তারিখের মধ্যে
বিনা জরিমানায় আয়কর রিটার্ন দাখিল
সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত সকল টিআইএনধারী করদাতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল টিআইএনধারী করদাতা পূর্বে কখনও তার আয়কর রিটার্ন দাখিল করেন নাই, সে সকল করদাতা -

- আয়কর অধ্যাদেশ ১৯৮৪’এর ধারা ২ এর উপধারা ৬২এ অনুযায়ী আগামী ৩০ শে জুন’২০২৩ পর্যন্ত স্বার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে তাদের আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন;
- এরূপ করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্নের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ’১৯৮৪ এর ধারা ১২৪ এর আওতায় কোন প্রকার জরিমানা আরোপ করা হবে না।
- তবে, টিআইএনধারী কোন করদাতা যদি নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন দাখিল না করেন, তাহলে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ১২৪ অনুযায়ী জরিমানা আরোপের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

যেহেতু, আয়কর অধ্যাদেশ’১৯৮৪ এর ধারা ১৮৪এ-তে বর্ণিত বিধান অনুযায়ী একজন নাগরিককে বিভিন্ন প্রকার সেবা গ্রহণকালে আয়কর রিটার্ন প্রদানের প্রমাণপত্র (Proof of Submission of Return) দাখিলের বাধ্যবাধকতা রয়েছে, সেহেতু রাজশাহী কর অঞ্চলের সেবা গ্রহণকারী সম্মানিত নতুন করদাতাদেরকে অর্থ আইন’২০২৩ এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বিনা জরিমানায় আয়কর রিটার্ন দাখিলের এ সুযোগ গ্রহণ করার জন্য আহ্বান করা হলো।

- অধিকতর তথ্য/সহযোগিতার প্রয়োজন হলে সম্মানিত করদাতাগণকে সংশ্লিষ্ট সার্কেল অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

কর কমিশনার
কর অঞ্চল-রাজশাহী।